



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৩৪.০০৫.২০২০- ১০৬৪

তারিখ : ১৪/০৯/২০২২খ্রি.

বিষয় : বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের উচ্চতর গ্রেড প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর স্পষ্টীকরণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-১ শাখার ২১/০৯/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের (গ)-(২) এর আলোকে একই পদে কর্মরত কোন কর্মচারী একটি মাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন এবং (গ)-(৩)-এর আলোকে একই পদে কর্মরত কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০ (দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন। বর্ণিত বিধি মোতাবেক যে সকল কর্মকর্তাগণ আবেদন করেছেন তাদের খসড়া তালিকা প্রকাশ করা হলো। প্রকাশিত তালিকায় চাহিত তথ্যাদি প্রেরণ/কোন অসংগতি/ভুল সংশোধন করার জন্য খসড়া তালিকার ক্রমিক নম্বর উল্লেখপূর্বক আবেদনপত্র প্রয়োজনীয় প্রমাণকসহ ২২/০৯/২০২২ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ২২/০৯/২০২২ তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।


(মোঃ ওয়াহিদুজ্জামান-৩৯২৪)
উপপরিচালক (কলেজ-১)
ফোনঃ ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। অধ্যক্ষ (সকল সরকারি কলেজ/সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/সরকারি আলিয়া মাদ্রাসা), প্রতিষ্ঠান প্রধান (এনসিটিবি/সকল বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস) তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ;
- ৩। সহকারী পরিচালক (কলেজ-১,২,৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।